

নতুন কর্মসংস্থানোত্তর প্রশিক্ষণ প্রস্তাব আহ্বান

তারিখঃ ১ জুন, ২০২৩ ইং

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন **Enhancing Digital Government and Economy (EDGE)** প্রকল্পের আওতায় তথ্য প্রযুক্তির বিকাশমান খাত যেমন- আইওটি (IoT), বিগডাটা, আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স (AI), ব্লক চেইন, ডাটা এনালিটিক্স, মেডিক্যাল স্কাইব, অগমেন্টেড রিয়ালিটি (AR), ভার্চুয়াল রিয়ালিটি (VR), মেশিন লার্নিং, ডীপ লার্নিং, ক্লাউড কম্পিউটিং, ক্লাউড আর্কিটেকচার, ভেরি লার্জ স্কেল ইন্ট্রিগেশন (VLSI), সাইবার সিকিউরিটি, ভিএফএক্স, ফিনটেক, গ্রাফিক্স ডিজাইন, থ্রিডি (3D) এনিমেশন, বিপিও, ভিডিওগ্রাফি এবং এডিটিং, ওয়েব এপ্লিকেশন ডেভেলপমেন্ট, মোবাইল এপ্লিকেশন ডেভেলপমেন্ট, ডিজিটাল মার্কেটিং, একাউন্টিং বিপিও, প্রভৃতি বিষয়সহ বিকাশমান প্রযুক্তির অন্যান্য খাতে দক্ষ মানব সম্পদ তৈরি ও নতুন কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন আইটি-আইটিইএস প্রতিষ্ঠানের কাছ থেকে কমপক্ষে ২০ জনের নতুন কর্মসংস্থানোত্তর প্রশিক্ষণের প্রাথমিক প্রস্তাব আহ্বান করা হচ্ছে।

ক) প্রাথমিক প্রস্তাবে যে সকল বিষয়ের বিস্তারিত উল্লেখ থাকতে হবে-

- ১। প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও মালিকানা তথ্য;
- ২। কোন বিষয়ে নতুন জনবল নিয়োগ করা হবে তার সংক্ষিপ্ত বর্ণনা;
- ৩। প্রতিষ্ঠানের ব্যবসায়িক কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত বিবরণ;
- ৪। প্রতিষ্ঠানের মানবসম্পদ, রাজস্ব, দেশ-বিদেশে বিনিয়োগ ও প্রবৃদ্ধি পরিকল্পনা;
- ৫। নিবন্ধনপত্র, TIN, BIN ও ট্রেড লাইসেন্স এর অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ৬। নতুন সৃষ্টিযোগ্য কর্মসংস্থানের সংখ্যা;
- ৭। এসোসিয়েশনের সদস্যপদ (প্রযোজ্য ক্ষেত্রে)।

খ) উক্ত প্রাথমিক প্রস্তাব আগামী ০৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে অফিস সময়ে (সকাল ৯ টা হতে বেলা ২ টা) আবেদনপত্রসহ নির্বাহী পরিচালক, সেন্টার ফর প্রজেক্ট ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেমস (পিএমআইএস), কক্ষ নং-৩০০৬, এমবিএ বিল্ডিং, বিজনেস স্টাডিজ অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা- ১০০০ বরাবরে প্রেরণ করতে হবে।

গ) প্রাথমিক প্রস্তাব যাচাই-বাছাই শেষে শুধু সংক্ষিপ্ত তালিকাভুক্ত কোম্পানিসমূহের কাছে বিস্তারিত প্রস্তাব চাওয়া হবে।

ঘ) প্রশিক্ষণের আংশিক খরচ **EDGE** প্রকল্প হতে বহন করা হবে।

ঙ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো প্রস্তাব গ্রহণ অথবা বাতিল করতে পারেন।

চ) এ বিষয়ক বিস্তারিত তথ্যের প্রয়োজনে **pmis@du.ac.bd** ঠিকানায় অথবা ০১৯১১-৭৮৮৪২২ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

জিডি ---/PMIS/EDGE-UGOV/010

তারিখঃ ০১/০৬/২০২৩

নির্বাহী পরিচালক, সেন্টার ফর পিএমআইএস

ঢাকা বিশ্ববিদ্যালয়